

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ  গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ৮, ২০২৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৪ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৭ এপ্রিল, ২০২৬

নিম্নলিখিত বিলটি ২৪ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৭ এপ্রিল, ২০২৬ তারিখে জাতীয় সংসদে
উত্থাপিত হইয়াছে :—

বা. জা. স. বিল নং-২৮/২০২৬

শেখ রাসেল পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর আইন, ২০২৩ এর সংশোধনকল্পে আনীত
বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে শেখ রাসেল পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর আইন,
২০২৩ (২০২৩ সনের ২৩ নং আইন) এর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন শেখ রাসেল পল্লী উন্নয়ন একাডেমি,
রংপুর (সংশোধন) আইন, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০২৩ সনের ২৩ নং আইনের পূর্ণাঙ্গ শিরোনাম এর সংশোধন।—শেখ রাসেল পল্লী
উন্নয়ন একাডেমি, রংপুর আইন, ২০২৩ (২০২৩ সনের ২৩ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া
উল্লিখিত, এর পূর্ণাঙ্গ শিরোনামে উল্লিখিত “শেখ রাসেল” শব্দগুলি বিলুপ্ত হইবে।

(১৪৫৪৩)

মূল্য : টাকা ৪.০০

৩। ২০২৩ সনের ২৩ নং আইনের ধারা ১ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১ এর উপ-ধারা (১) এ উল্লিখিত “শেখ রাসেল” শব্দগুলি বিলুপ্ত হইবে।

৪। ২০২৩ সনের ২৩ নং আইনের ধারা ৩ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত “শেখ রাসেল” শব্দগুলি বিলুপ্ত হইবে।

৫। ২০২৩ সনের ২৩ নং আইনের ধারা ৭ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৭ এর উপ-ধারা (১) এর—

(ক) দফা (ত) এ উল্লিখিত “শেখ হাসিনা” শব্দগুলি বিলুপ্ত হইবে; এবং

(খ) দফা (ন) এ উল্লিখিত “শেখ রাসেল” শব্দগুলি বিলুপ্ত হইবে।

৬। বিশেষ বিধান।—এই আইন প্রবর্তনের সঙ্গে সঙ্গে উক্ত আইনের অধীন প্রণীত কোনো বিধি, প্রবিধান বা অন্য কোনো আইনগত দলিল বা জারীকৃত কোনো বিশেষ বা সাধারণ আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে, প্রসঙ্গের প্রয়োজন অন্যরূপ না হইলে, উল্লিখিত “শেখ রাসেল” শব্দগুলি বিলুপ্ত হইবে।

৭। রহিতকরণ ও হেফাজত।—(১) শেখ রাসেল পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ০৬ নং অধ্যাদেশ) এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত অধ্যাদেশের অধীন কৃত কোনো কার্য বা গৃহীত কোনো ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

বর্তমান সরকারের নির্বাচনী ইশতিহারে প্রদত্ত প্রতিশ্রুতির আলোকে পল্লী উন্নয়নে নাগরিক সেবামূলক কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে “শেখ রাসেল পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর আইন, ২০২৩” (২০২৩ সনের ২৩ নং আইন), পুনরায় সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। গত ০৬ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে “শেখ রাসেল পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫”-এর খসড়া উপদেষ্টা পরিষদের বৈঠকে নীতিগত ও চূড়ান্ত অনুমোদনের পর লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে ভেটিং শেষে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে “শেখ রাসেল পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫” গেজেট আকারে প্রকাশিত হয়।

যেহেতু, বর্তমান সরকারের নির্বাচনী ইশতিহার বাস্তবায়ন এবং পল্লী উন্নয়নে নাগরিক সেবামূলক কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে ইতোমধ্যে প্রণীত “শেখ রাসেল পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫” বাংলাদেশ সংবিধানের ৯৩ (২) অনুযায়ী আইনে পরিণত করার বাধ্যবাধকতার নিমিত্ত “শেখ রাসেল পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর (সংশোধন) আইন, ২০২৬”-এর বিল মহান জাতীয় সংসদের সদয় বিবেচনার জন্য উত্থাপন করা হইল।

মির্জা ফখরুল ইসলাম আলমগীর
ভারপ্রাপ্ত মন্ত্রী।

ব্যারিস্টার মোঃ গোলাম সরওয়ার ভূইয়া
সচিব।